

যদি

যদি অনেক টাকা পেতাম
 কী করতাম, কী করতাম?
 জমি কিনতাম ঘর বানাতে
 মাটির দেয়াল নকশা আঁকা
 উঠোন ঘিরে কমপিউটার
 প্রদীপগুলি বিজলিবাতির
 ঘরের মধ্যে এক পৃথিবী
 অত্যাধুনিক যন্ত্রপাতি
 মেঝের ওপর আলপনা আর
 আমার ছেলের মাথার কাছে
 ছোট দুটি লক্ষ্মীর পা
 পাতার কুঞ্জে গ্যারেজ আমার
 ঘুমিয়ে থাকুক ওপেল অ্যাস্ট্রা
 গাড়ির কাছে আকাশ নামবে
 ফুঁসবে ঘোড়া উচৈচ শব্দ
 ঘোড়ায় চরে আসবে আমার
 স্বপ্ন পুষ বিজয়ী।
 একটি নিপুণ পালকি কিনব
 চার বেহারার কক্ষবাহী
 টেরাকোটার একটি চাতাল
 সেই চাতালে লিখব পংক্তি।

মল্লিকা সেনগুপ্ত

